গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

# মার্চ ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১)
সভার তারিখ ও সময় : ১০/০৩/২০২৬, সকাল ১১.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, যুব ভবন

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন-২) আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করেন।

**২.০ আলোচ্য বিষয়: বিগত সভার কার্যবিবরণী অনুমোদন**

২.১ আলোচনা: বিগত সভার কার্যবিবরণীর উপর উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। কারো কোনো সংশোধনী প্রস্তাব নেই মর্মে সভায় উপস্থাপিত হয়।

২.২ সিদ্ধান্ত: বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো।

৩.৩ বাস্তবায়নে: প্রশাসন উইং।

**৩.০ প্রশাসন উইং এর বিষয়াবলি**

**৩.১.০ পদ সংরক্ষণ সংক্রান্ত**

৩.১.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:**

(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের মোট পদ ৬৪৮৫টি। এ সকল পদের মধ্যে ২১৯৭টি পদ অস্থায়ী। অস্থায়ী পদগুলোর মধ্যে ২৪৯টি পদও অন্তর্ভুক্ত। সুতরাং অস্থায়ী পদগুলোর মেয়াদ সংরক্ষণ ও স্থায়ী করার জন্য গত ২৩ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখ স্মারক নং ৩৪.০১.০০০০.০০০.০০৫.৪৯. ০০০৪.২১-৪৪৭ মোতাবেক ০৯ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। ২০/০২/২০২৬ খ্রি. তারিখে কমিটির সভা অনুষ্ঠিত হয়। পরবর্তী সভা শীঘ্রই আহবান করা হবে।.

(খ) কমিটির সভা গত ২০/০২/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী সভা শীঘ্রই আহবান করা হবে।

৩.১.২ সিদ্ধান্ত:

(ক) কমিটি দ্রুততম সময়ের মধ্যে ২৪৯টি পদসহ প্রযোজ্য অন্যান্য পদসমূহ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণের বিষয়ে একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পেশ করবে।

(খ) যুব উন্নয়ন একাডেমির মেডিক্যাল অফিসার ১টি, কম্পিউটার অপারেটর ১টি, ইমাম ১টি, নিরাপত্তা প্রহরী ১টি, মোট ৪টি পদ সংরক্ষণের জন্য যুব উন্নয়ন একাডেমি হতে প্রাপ্ত প্রস্তাবটি ০৯ সদস্যের গঠিত কমিটির কার্যক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে বিধায় কমিটি সুপারিশ পেশ করবে।

**৩.২.০ জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন**

৩.২.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:**

সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদের ফিডার পদধারী প্রধান সহকারী কাম হিসাব রক্ষক বা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর এর চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী এসিআর ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই চলছে।

৩.২.১ সিদ্ধান্ত:

সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদের ফিডার পদধারী প্রধান সহকারী কাম হিসাব রক্ষক ১১ জনের এবং সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ১ জনের চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী দ্রুত পদোন্নতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

### ৩.৩.০ নবনিয়োগ সংক্রান্ত

### ৩.৩.১ বাস্তবায়ন ও অগ্রগতি:

(ক) সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে সরাসরি নিয়োগযোগ্য ৯০টি পদে জনবল নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। নিয়োগ পরীক্ষা আয়োজনের লক্ষ্যে অর্থ বরাদ্দের জন্য ০২/০৩/২০২৬ খ্রি. তারিখে অর্থ উইং এ ইউ.ও.নোট প্রেরণ করা হয়েছে।

(খ) অফিস সহায়কের ৪৬টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি ০৯/১১/২০২০ সনে জারি করা হয়েছিল। পূর্বের ৪৬টিসহ বর্তমানে মোট শূন্যপদে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ১০৩টি অফিস সহায়ক পদে নিয়োগের লক্ষ্যে ২৬/০২/২০২৬ খ্রি. তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় থেকে ছাড়পত্র পাওয়া গেছে এবং খসড়া নিয়োগ বিজ্ঞপ্তি ০৮ মার্চ ২০২৬ তারিখে টেলিটকে পত্র প্রেরণ করা হয়েছে।

(গ) সরাসরি শূন্যপদসমূহে নিয়োগের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

### ৩.৩.২ সিদ্ধান্ত:

(ক) সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে সরাসরি নিয়োগযোগ্য ৯০টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে দ্রুত সময়ের মধ্যে মন্ত্রণালয় থেকে অর্থ ছাড় করে পরীক্ষা অনুষ্ঠানের জন্য কেন্দ্র নির্ধারণ করে টেলিটকের সাথে যোগাযোগপূর্বক নিয়োগ কার্যক্রম দ্রুততার সাথে ও সুষ্ঠুভাবে এগিয়ে নিতে হবে।

(খ) অফিস সহায়কের শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে মন্ত্রণালয়ের ছাড়পত্র প্রদানের প্রস্তাব প্রেরিত। ছাড়পত্র পাওয়ারপর নিয়োগের বিষয়ে দ্রুত ব্যবস্থা নিতে হবে।

(গ) অন্যান্য সরাসরি শূন্যপদসমূহে নিয়োগের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণের ব্যবস্থা নিতে হবে।

### ৩.৪.০ পদোন্নতি সংক্রান্ত

### ৩.৪.১ বাস্তবায়ন ও অগ্রগতি:

(ক) ডেপুটি কো-অর্ডিনেটর পদে ০৫ জনকে পদোন্নতি দিয়ে প্রশাসনিক মন্ত্রণালয় ০১/০৩/২০২৬ খ্রি. তারিখে প্রজ্ঞাপন জারি করেছে।

(খ) অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এর শূন্য পদসমূহে অফিস সহায়ক থেকে পদোন্নতি প্রদানের লক্ষ্যে ০৭/০৩/২০২৬ খ্রি. তারিখে ব্যবহারিক পরীক্ষা যুব উন্নয়ন একাডেমি, সাভার, ঢাকায় অনুষ্ঠিত হয় এবং ০৮/০৩/২০২৬ খ্রি. তারিখে ২৩ জনকে পদোন্নতি প্রদান করে অফিস আদেশ জারি করা হয়।

### ৩.৪.২ সিদ্ধান্ত:

(খ) অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এর অবশিষ্ট শূন্য পদসমূহে পদোন্নতিযোগ্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরকারের কমন নিয়োগ বিধিমালা ২০১৯ অনুযায়ী সরাসরি নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

### ৩.৫.০ পেনশন কেইস নিষ্পত্তি বিষয়ক

### ৩.৫.১ বাস্তবায়ন ও অগ্রগতি: পেনশন নথির চলমান হিসাব

| পূর্বের জের (নথি) | ফেব্রুয়ারি-২০২৫ মাসে প্রাপ্ত নথি | মোট | নিষ্পত্তি (বিবেচ্য মাসে) | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| ৩০ | ২৫ | ৫৫ | ২২ | ৩৩ |

| অবশিষ্ট | |
|---|---|
| সিড ফাইন্যান্সিং উইং এ প্রক্রিয়াধীন | কল্যাণ শাখায় প্রক্রিয়াধীন |
| ২৫ | ০৮ |

### ৩.৫.২ সিদ্ধান্ত:

ক) পেনশন কেইস নিস্পত্তির বিষয়ে হার্ড নথিতে সিদ্ধান্ত গ্রহণ করে ডি-নথির মাধ্যমে জিও জারি করতে হবে।

খ) কোন কর্মকর্তা-কর্মচারী মৃত্যুবরণ করলে বিধিমোতাবেক তার পেনশন দ্রুত নিষ্পত্তি করতে হবে।

গ) পেনশন কেইস দ্রুত নিস্পত্তির লক্ষ্যে যুব ঋণের ছাড়পত্র প্রাপ্তির ক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলের কর্মকাল উল্লেখ করতে হবে।

## ৩.৬.০ বিভাগীয় মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনালে মামলা ও ফৌজদারী মামলা

### ৩.৬.১ বাস্তবায়ন ও অগ্রগতি:

| | দপ্তর | বিগত মাসের জের | বিবেচ্য মাসে দায়েরকৃত | মোট | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত | অবশিষ্ট (জের) মামলা | গত সভার সিদ্ধান্ত | সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম | সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাব | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | যুব উন্নয়ন অধিদপ্তর | ১৪টি | ০১টি | ১৫টি | ০০টি | ১৫টি | - | সিদ্ধান্ত মোতাবেক মামলা নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। | - | - |

৩.৬.১ সিদ্ধান্ত: তদন্তকারী কর্মকর্তাগণ দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল করবেন। বিভাগীয় মামলা নিষ্পত্তিসহ প্রশাসনিক শৃঙ্খলা পরিপন্থি বিষয়াদি দ্রুত বিভাগীয় মামলার কার্যক্রম হিসেবে সম্পন্ন করতে হবে।

## ৩.৭.০ প্রকাশনা সংক্রান্ত

৩.৭.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:** অক্টোবর-ডিসেম্বর ২০২৫ প্রান্তিকের যুববার্তার ৬১তম সংখ্যা প্রকাশ করা হয়েছে। বার্ষিক প্রতিবেদন ২০২৫-২০২৬ সেপ্টেম্বর ২০২৬ মাসে প্রকাশিত হবে।

৩.৭.২ সিদ্ধান্ত: যুববার্তার আগামী ৬২ তম সংখ্যা (জানুয়ারি-মার্চ, ২০২৬) প্রকাশের জন্য মহাপরিচালকের কার্যালয়ের প্রতিটি উইং থেকে সচিত্র লেখা/ প্রতিবেদন দিতে হবে।

## ৩.৮.০ আইসিটি সেল

৩.৮.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:** ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। পোর্টালের বিভিন্ন সেবাবক্স হালনাগাদসহ অফিস আদেশ, বিজ্ঞপ্তি, নোটিশ, প্রতিবেদন, বদলি আদেশ, কর্মকর্তাদের তালিকা, বাজেটের আদেশ, ফটোগ্যালারী ও প্রকাশনাসমূহ নিয়মিত পোর্টালে প্রকাশ করা হচ্ছে।

৩.৮.২ সিদ্ধান্ত:

(ক) মাঠ পর্যায়ের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের মাঠ পর্যায়ের যুব উন্নয়ন অধিদপ্তর এর সংশ্লিষ্ট অফিস প্রধানদের পত্র প্রদান করে স্ব-স্ব কার্যালয়ের সকল প্রয়োজনীয় তথ্য সন্নিবেশনপূর্বক ওয়েব পোর্টালে হালনাগাদের নির্দেশনা দেওয়া হয়। সে আলোকে ব্যবস্থা নিতে হবে।

(খ) ডিজিটাল পদ্ধতিতে প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি মূল্যায়ন করতে হবে।

## ৩.৯.০ ডি-নথি

### ৩.৯.১ বাস্তবায়ন ও অগ্রগতি:

| অর্থবছর: ২০২৫-২০২৬ | | মাসঃ ফেব্রুয়ারি/২০২৬ | | | | | | | দপ্তর/সংস্থার নামঃ যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রাপ্ত ডাক | | | | উপস্থাপিত ডাক | | | পত্র জারি | | | | | | | |
| ক্রমনং | দপ্তর/সংস্থা উইং/শাখার নাম | বিগত মাসের অনিষ্পন্ন ডাক | মুদ্রিত ডাক | ডি-ডাক | মোট ডাক | মুদ্রিত নথিতে উপস্থাপিত ডাক | ডি-নথিতে উপস্থাপিত ডাক | স্ব-উদ্যোগে ডি-নথি উপস্থাপন | মুদ্রিত নথিতে পত্রজারী | ডি-নথিতে পত্রজারী | মোট জারীকৃত পত্র | নথিজাত/ আর্কাইভকৃত ডাক | মোট ডি-নথিতে জারীকৃত পত্রের শতকরা (%) হার | মোট ডি-নথিতে নিষ্পত্তিকৃত নথির শতকরা (%) হার | মোট নিষ্পন্ন ডাক | মোট অনিষ্পন্ন ডাক |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=(৩+৪+৫) | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২=(১০+১১) | ১৩ | ১৪=(১১)×১০০/(১২) | ১৫=(৮+৯)×১০০/(৭+৮+৯) | ১৬=(১২+১৩) | ১৭=(৬+৯-১৬) |
| ১। | যুব উন্নয়ন অধিদপ্তর মহাপরিচালকের কার্যালয়, ঢাকা। | ০ | ২৬৭ | ২২৩০ | ২৪৯৭ | ০ | ১৪২ | ০ | ০ | ১৭৪ | ১৭৪ | ২৩২৩ | ১০০.০০ | ১০০.০০ | ২৪৯৭ | ০ |
| | মোটঃ | ০ | ২৬৭ | ২২৩০ | ২৪৯৭ | ০ | ১৪২ | ০ | ০ | ১৭৪ | ১৭৪ | ২৩২৩ | ১০০.০০ | ১০০.০০ | ২৪৯৭ | ০ |

(i) ডি-নথি সিস্টেমের মাধ্যমে বেশী সংখ্যক নথি নিষ্পত্তি করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

(ii) নথি রিপোর্টিং সিস্টেম এবং শাখা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি ম্যানুয়ালী করা হয়েছে।

(iii) বিগত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুসারে এবং ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা অনুসারে উইংভিত্তিক তথ্য নিয়ে এ প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

৩.৯.২ সিদ্ধান্ত: ইতিপূর্বে প্রেরিত তালিকা অনুযায়ী সকল তথ্য ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করার সিদ্ধান্ত হয় এবং সকল উইং এর পরিচালক মহোদয়গণকে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করার অনুরোধ করা হয়।

### ৩.১০.০ তথ্য অধিকার

৩.১০.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:** তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা ২০২৫-২৬ এর আলোকে অক্টোবর/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ মাসের (২য় ত্রৈমাসিক) অগ্রগতির প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া স্বপ্রণোদিত প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

৩.১০.২ সিদ্ধান্ত: পরবর্তী প্রান্তিকের ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয় প্রেরণ করতে হবে।

### ৩.১১.০ অভিযোগ প্রতিকার

৩.১১.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:** অভিযোগ প্রতিকার জানুয়ারি/২০২৬ খ্রি. মাসে ১টি অভিযোগ পাওয়া যায়। ১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। কর্মপরিকল্পনা ২০২৫-২৬ অনুযায়ী অন্যান্য কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন এবং প্রমানকসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

৩.১১.২ সিদ্ধান্ত: অভিযোগ প্রতিকার নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

### ৩.১২.০ সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (জিপিএমএস)/ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)

৩.১২.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:** যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রণীত Governance Performance Monitoring System (GPMS) এর কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত যুব উন্নয়ন অধিদপ্তর এর প্রযোজ্য বিষয়গুলো অর্থবছর অনুযায়ী বাস্তবায়ন করা হবে। এক্ষেত্রে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ রাখা হচ্ছে।

৩.১২.২ সিদ্ধান্ত: সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/ Governance Performance Monitoring System (GPMS) কাঠামো সম্পর্কে ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ের নির্দেশনামতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে স্ব স্ব উইং যথাযথভাবে জিপিএমএস এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করবে।

### ৩.১৩.০ কর্মকর্তাদের ভ্রমণ সংক্রান্ত

৩.১৩.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:** মাঠ পর্যায়ে কর্মকর্তাদের ভ্রমণ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।

৩.১৩.২ সিদ্ধান্ত: মাঠ পর্যায়ে কর্মকর্তাদের ভ্রমণ সংখ্যা নির্ধারণ করে দিক নির্দেশনামূলক অফিস আদেশ জারি করতে হবে।

৩.১৩.২ বাস্তবায়নে: প্রশাসন উইং।

### ৪.০ অর্থ ও অডিট উইং এর বিষয়াবলি

**৪.১.১ বাস্তবায়ন ও অগ্রগতি:**

ক) যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্ব খাতের ২০২৫-২০২৬ অর্থবছরের জানুয়ারি-২০২৬ পর্যন্ত খরচের হিসাব বিবরণী ঃ

(অংকসমূহ শতকে)

| নং | কার্যালয়ের নাম | মোট বাজেট বরাদ্দ | ছাড়কৃত বরাদ্দ | খরচ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | প্রধান কার্যালয় ঃ | ৫৬৯৯১৯০ | ৪৮৮৭৭৭০ | ২৯৮৫০৩০ | ৬১.০৭% |
| ০২. | জেলা কার্যালয়সমূহ ঃ | ১৬২৩৫৯১০ | ১৩১১৪৩১০ | ৬৬৩০৬৪৯ | ৫০.৫৬% |
| ০৩. | উপজেলা কার্যালয়সমূহ ঃ | ২৮৯১১৬৯০ | ২৬৪৮১৬৯০ | ১৩৮৪৮৮৫৮ | ৫২.২৯% |
| ০৪. | থানা কার্যালয়সমূহ ঃ | ৮৩৫৪১০ | ৭৭৩৮১০ | ৩৯৪৪৯২ | ৫০.৯৮% |
| ০৫. | যুব প্রশিক্ষণ কেন্দ্রসমূহ ঃ | ১০১৫১০০০ | ৮৪৭৫৭০০ | ৪৭০৯১৯২ | ৫৫.৫৬% |
| | সর্বমোট= | ৬১৮৩৩২০০ | ৫৩৭৩৩২৮০ | ২৮৫৬৮২২১ | ৫৩.১৬% |

**২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট বরাদ্দ ৬১৮ কোটি ৩৩ লক্ষ ২০ হাজার টাকা।**

প্রধান খাতসমূহের বরাদ্দ ঃ

(ক) বেতন ভাতাদি ঃ ৪৩১ কোটি ৭০ লক্ষ ২৩ হাজার টাকা (মোট বরাদ্দের ৬৯.৮২%)।
(খ) প্রশিক্ষণ ঃ ৭৪ কোটি ২৩ লক্ষ ৬২ হাজার টাকা (মোট বরাদ্দের ১২.০০%)।
(গ) অন্যান্য রাজস্ব ও মূলধন ব্যয় ঃ ১১২ কোটি ৩৯ লক্ষ ৩৫ হাজার টাকা (মোট বরাদ্দের ১৮.১৮%)।
সর্বমোট= ঃ ৬১৮ কোটি ৩৩ লক্ষ ২০ হাজার টাকা মাত্র। ১০০%

বাজেট বিতরণ ঃ

(ক) ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট বরাদ্দ ০৯-০৭-২০২৫খ্রি: তারিখে মাঠ কার্যালয়সমূহে বিতরণ করা হয়েছে।
(খ) ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ বাজেট বরাদ্দ ১৪-০৯-২০২৫খ্রি: তারিখে মাঠ কার্যালয়সমূহে বিতরণ করা হয়েছে।
(গ) ২০২৫-২০২৬ অর্থবছরের জানুয়ারি-২০২৬ পর্যন্ত ব্যয় ২৮৫ কোটি ৬৮ লক্ষ ২২ হাজার ১ শত টাকা। হার ৫৩.১৬

(খ) যুব উন্নয়ন অধিদপ্তরের সমন্বয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফেব্রুয়ারি ২০২৬খ্রি. পর্যন্ত এ অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তির বিবরণ নিম্নরূ

(অংকসমূহ হাজার টাকায়)

| মোট অনিষ্পন্ন অডিট আপত্তি (ঋণসহ) | | | | | | দ্বিপক্ষীয় অডিট সভায় নিস্পত্তির সুপারিশ | | ত্রিক্ষীয় অডিট সভার প্রস্তাব প্রেরণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত আপত্তি | জড়িত টাকা | ঋণ সংক্রান্ত | জড়িত টাকা | মোট আপত্তির সংখ্যা | জড়িত টাকা | আপত্তির সংখ্যা | জড়িত টাকা | আপত্তির সংখ্যা | জড়িত টাকা | |
| ৩৭৩ | ৯২,৪৩,৯২ | ৬৩ | ৬৪,১৩,৬৬ | ৪০৮ | ১৩৬,৭৪,৭৬ | - | - | - | - | - |

যুব উন্নয়ন অধিদপ্তরের জানুয়ারী ২০২৬খ্রি মাস পর্যন্ত নিয়মিত আপত্তির সংখ্যা ছিল ৩৪৫টি, যাতে জড়িত ৭২,৬১,১০,০০০/-টাকা এবং ঋণ সংক্রান্ত আপত্তির সংখ্যা ছিল ৬৩টি, যাতে জড়িত ৬৪,১৩,৬৬,০০০/-টাকা। উল্লেখ্য, ফেব্রুয়ারী ১০৬৬ মাসে এ অধিদপ্তরের ৬০১৪-২০১৫ অর্থ বছরের ২৩টি NON-SFI ও ১২টি SFI মোট ৩৫টি অডিট আপত্তি সম্বলিত অডিট পরিদর্শন প্রতিবেদন সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর হতে পাওয়া যায়, যাতে জড়িত যথাক্রমে (১৮,৫৫,০০,৮০১+৩,৬৩,৮৬,৩৯৩)=২২,১৮,৮৭,১৯৪/-টাকা অর্থাৎ ২২,১৮,৮৭,০০০/-টাকা। সে হিসেবে অনিষ্পন্ন নিয়মিত আপত্তির সংখ্যা (৩৪৫+৩৫)-৩৮০টি, যাতে জড়িত (৭২,৬১,১০,০০০+২২,১৮,৮৭,০০০)=৯৪,৭৯,৯৭,০০০/-টাকা।

নিষ্পত্তির সংখ্যাঃ ফেব্রুয়ারী ২০১৬ মাসে টেকাব প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থ বছরের ০৪টি NON-SFI আপত্তির নিষ্পত্তিপত্র পাওয়া যায়; যাতে জড়িত ২,১৩,৮০,০০০/-টাকা এবং ০৩টি SFI আপত্তির নিষ্পত্তিপত্র পাওয়া যায়; যাতে জড়িত ২২,২৫,০০০/-টাকা অর্থাৎ নিষ্পন্ন আপত্তির সংখ্যা (০৪+০৩)-০৭টি); যাতে জড়িত (২,১৩,৮০,০০০+২২,২৫,০০০)=২,৩৬,০৫,০০০/-টাকা। সে হিসেবে অনিষ্পন্ন নিয়মিত অডিট আপত্তির সংখ্যা (৩৮০-৭)=৩৭৩টি; যাতে জড়িত (৯৪,৭৯,৯৭,০০০-২,৩৬,০৫,৮০,০০০)=৯২,৪৩,৯২,০০০/-টাকা)

এমতাবস্থায়, যুব উন্নয়ন অধিদপ্তরের ফেব্রুয়ারী ২০২৬খ্রি. পর্যন্ত মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা (৩৭৩+৬৩)=৪৩৬টি; যাতে জড়িত (৯২,৪৩,৯২,০০০+৬৪,১৩,৬৬,০০০)=১৫৬,৫৭,৫৮,০০০/- (একশত ছাপার কোটি সাতান্ন লক্ষ আটান্ন হাজার) টাকা।

অগ্রগতিঃ ফেব্রুয়ারী ২০২৬খ্রি. মাসে ইম্প্যাক্ট প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থ বছরের ০৪টি NON-SFI অডিট আপত্তির ব্রডশিট জবাব সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া চট্টগ্রাম জেলা কার্যালয়ের ২০২৩-২৪ নিরীক্ষা সনের SFI ০১টি আপত্তি যাতে জড়িত ১৩,১৬,৬০৮/- টাকা ও NON-SFI ০১টি আপত্তি যাতে জড়িত ২,৯৮,৯০০/- টাকা, মোট ২টি অডিট আপত্তির ব্রডশিট জবাব সংগ্রহের নিমিত্ত তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। অদ্যবধি অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়নি।

৪.১.২ সিদ্ধান্ত:

ক) প্রধান কার্যালয় ও যুব উন্নয়ন একাডেমি'র জন্য আনসার সদস্য নিয়োগের নিমিত্ত অর্থনৈতিক কোড সৃষ্টিসহ বাজেট বরাদ্দের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

খ) অডিট আপত্তির শ্রেনি বিন্যাস করে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়। প্রত্যেকটি আপত্তির জবাব প্রমাণকসহ অডিট দপ্তর প্রেরণ নিশ্চিতসহ হালনাগাদ রাখতে এবং আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য বারংবার পত্র প্রদান নিশ্চিত করতে হবে।

৪.১.৩ বাস্তবায়নে: অর্থ উইং।

## ৫.০ যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ উইং এর বিষয়াবলি

**৫.১.১ বাস্তবায়ন ও অগ্রগতি:**

ক) ২০২৫-২০২৬ অর্থবছরে ২,৬৪,৪৪৫ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ফেব্রুয়ারি ২০২৬ মাস পর্যন্ত ১,৬০,৫০০ জনের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়েছে।

খ) সনদপত্র প্রশিক্ষণের শেষ দিন প্রদানের লক্ষ্যে চলতি অর্থবছরে (২০২৫-২০২৬) হতে ই-সনদ প্রদানের লক্ষ্যে সফ্টওয়ারের কাজ চলমান রয়েছে। প্রশিক্ষণ শেষে যাতায়াত ভাতা প্রদানের বিষয়টি মনিটরিং করা হচ্ছে এবং বিকাশ ও রকেট এর মাধ্যমে MFS পদ্ধতিতে ভাতা প্রদানের লক্ষ্যে প্রেরিত প্রস্তাব মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। শীঘ্রই বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হবে।

গ) প্রশিক্ষণার্থীদের আবাসন ও খাবারের বিষয়ে নিয়মিত পরিবীক্ষণ করা হচ্ছে।

ঘ) কম্পিউটার বেসিক এ্যান্ড আইসিটি এ্যাপ্লিকেশন কোর্স ও গ্রাফিক্স ডিজাইন কোর্সে বাজেট প্রাপ্তি সাপেক্ষে যাতায়াত ভাতা প্রদান করা হবে।

ঙ) উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স ০৭ দিনের পরিবর্তে ১৪ দিন/ ২১ দিন/ ১ মাস উন্নীত করণের সুপারিশ বাজেট প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা হবে। কারিকুলাম প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

চ) ৬১০টি অচল কম্পিউটার নীতিমালা অনুযায়ী অকেজো ঘোষণাপূর্বক নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অর্থশাখায় ইউও নোট প্রদান করা হয়েছে। একই সাথে মেরামতযোগ্য ১০৩৬ টি কম্পিউটার মেরামত করার ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হয়েছে।

ছ) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর মানদন্ড অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত এনএসডিএ-এর এসটিপি নিবন্ধন, কোর্স নিবন্ধন এবং অ্যাসেসমেন্ট সেন্টার হিসেবে স্বীকৃতির জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের ৮টি বিভাগীয় জেলা কার্যালয় প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে। এ লক্ষ্যে ৮টি বিভাগীয় জেলা কার্যালয়ে পরিচালিত প্রশিক্ষণ ট্রেডসমূহের মধ্যে (১) ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং, (২) ইলেকট্রনিক্স, (৩) রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, (৪) ব্লক, বাটিক ও স্ক্রিন প্রিন্টিং ও (৫) পোশাক তৈরি ট্রেডের প্রশিক্ষণার্থীদের জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর মানদন্ড অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রশিক্ষণ সেন্টারসমূহের নিবন্ধন, কোর্স নিবন্ধন এবং Assesment Center হিসেবে স্বীকৃতি প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলায় নির্দেশনা প্রদান করা হয়েছে।

জ) প্রশিক্ষণ কেন্দ্রসমূহে যন্ত্রপাতি উপকরণ অকেজো ঘোষণা করে নিষ্পত্তি করা এবং মেরামতযোগ্য যন্ত্রপাতিগুলো মেরামত এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ শাখায় ইউও নোট প্রদান করা হয়েছে।

**সমন্বয় সভায় প্রশিক্ষণ শাখার উপস্থাপনযোগ্য প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি:**

| নং | বিবরণ | প্রশিক্ষণের বার্ষিক ও ক্রমপুঞ্জিত অগ্রগতি । | | | |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রাতিষ্ঠানিক | ২০২৫-২০২৬ অর্থবছরের | | মন্তব্য | ক্রমপুঞ্জিত (শুরু থেকে জানুয়ারি ২০২৬ পর্যন্ত) |
| | | প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা (জুলাই/২৫-জুন/২৬) | অর্জন (জুলাই/২৫-ফেব্রুয়ারি/২৬) | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রাতিষ্ঠানিক (আবাসিক) | ১১৩৪০ জন | ৭১৮৮ জন | ৬ মাস মেয়াদী ২য় ব্যাচের প্রশিক্ষণ চলমান | ৭৮,১৫,৭৭৯ জন। |
| | প্রাতিষ্ঠানিক (অনাবাসিক) | ৪৭৭৮৫ জন | ২৪৩৫১ জন | | |
| | **প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ মোট** | **৫৯১২৫ জন** | **৩১৫৩৯ জন** | | |
| ০২ | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ | - | - | | |
| | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ উপজেলা পর্যায়ের রাজস্বখাতভুক্ত প্রশিক্ষণ | ২০৫৩২০ জন | ১২৮৯৬১ জন | | |
| **সর্বমোট (প্রাতিষ্ঠানিক+অপ্রাতিষ্ঠানিক)** | | **২,৬৪,৪৪৫ জন** | **১৬০৫০০ জন** | | |

৫.১.২ সিদ্ধান্ত:

ক) ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ বাস্তবায়ন করতে হবে।

খ) সনদপত্র প্রশিক্ষণের শেষ দিন এবং যাতায়াত ভাতা প্রশিক্ষণ শেষে যত দ্রুত সম্ভব বিতরণ নিশ্চিত করতে হবে।

গ) আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের আবাসন ব্যবস্থা ও খাবারের বিষয়ে সচেতন থাকতে হবে।

ঘ) কম্পিউটার বেসিক এ্যান্ড আইসিটি এ্যাপ্লিকেশন কোর্স ও গ্রাফিক্স ডিজাইন কোর্সে যাতায়াত ভাতা বাজেটে সংস্থান রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

ঙ) ২০২৫-২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ১০টি কারিকুলাম প্রস্তুত করতে হবে।

চ) সকল জেলা কার্যালয়ের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যায় সরবরাহকৃত মোট ৩৭০০টি কম্পিউটারের মধ্যে সচল ২০৫৪টি মেরামতযোগ্য ১০৩৬টি অচল ৬১০টি। ৬১০টি অচল কম্পিউটার বিদ্যমান নীতিমালা অনুযায়ী অকেজো ঘোষনা ও বিক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

ছ) ৭টি বিভাগীয় জেলায় NSDA এর অধীনে রেজিস্ট্রেশন করা হয়েছে।

জ) প্রশিক্ষণ কেন্দ্রসমূহে যন্ত্রপাতি উপকরণ অকেজো ঘোষণা করে নিষ্পত্তি করতে হবে। মেরামতযোগ্য যন্ত্রপাতিগুলো মেরামত করতে হবে।

৫.১.৩ বাস্তবায়নে: প্রশিক্ষণ ও অর্থ উইং।

## ৬.০ সিড ফাইন্যান্সিং উইং এর বিষয়াবলি

৬.১.১ বাস্তবায়ন ও অগ্রগতি:

| নং | বিষয় | অগ্রগতি | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ঋণ বিতরণ ও খেলাপী বিষয়ক | ২০২৫-২৬ অর্থবছরে ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত কার্যক্রমের অগ্রগতির চিত্র নিম্নরূপ: (কোটি টাকায়) | | | | | | | | | | |
| | | ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা | | অগ্রগতি ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত | | চলমান আদায় ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত | | | খেলাপী (বছরের শুরুতে) | | বিবেচ্য মাস পর্যন্ত খেলাপী | |
| | | জন | টাকা | জন | টাকা | আদায় যোগ্য | আদায় কৃত | হার | কিস্তি খেলাপী | ঋণ খেলাপী | কিস্তি খেলাপী | ঋণ খেলাপী |
| | | ৩৩০৪৪ জন | ৩৩৯.৮১ কোটি | ১৩৩৯০ জন (৪০.৫২%) | ১০৬.৪৫ কোটি (৩১.৩৩%) | ১০.৫১ কোটি | ৯.৫৫ কোটি | ৯১ % | ১১.০৫ কোটি | ৯১.৪৯ কোটি | ৯.৮৩ কোটি | ৯১.২৭ কোটি |

| নং | বিষয় | আলোচনা | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ২. | ঋণ বিতরণ | ২০২৫-২৬ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন। | লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ২০২৫-২৬ অর্থবছরের ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ১৩৩৯০ জনেরমধ্যে ১০৬ কোটি ৪৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। বিতরণের অগ্রগতি (জন) ৪০.৫২% |
| ৩. | খেলাপী ঋণ | কিস্তি খেলাপী এবং মেয়াদ উত্তীর্ণ ঋণ খেলাপী আদায়। | জুন ২০২৬ এর মধ্যে কিস্তি খেলাপী শূন্যে এবং খেলাপী থেকে ২১ কোটি টাকা আদায় করতে হবে। | ২০২৫-২৬ অর্থবছর ফেব্রুয়ারি মাস পর্যন্ত ঋণ খেলাপী থেকে ৬ কোটি ৭৪ লক্ষ টাকা আদায় হয়েছে; |
| ৪. | ঋণ আদায় | | চলমান আদায় ১০০% -এ উন্নীত করতে হবে। | ফেব্রুয়ারি -২৬ মাসে চলমান আদায়ের গড় অর্জন- ৯১%। তবে ৮০% এর নিচে চলমান আদায় - ২ টি জেলায় বিরাজমান আত্মকর্ম ও পরিবার: মৌলভীবাজার (৪২%), ফেনী (৭৩%) |
| ৫. | মোবাইল ব্যাংকিং -এর মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় | বর্তমানে ১৮ জেলায় মোবাইল ব্যাংকের মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। | ঋণের কিস্তির টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আদায় ও জমা অব্যাহত রাখতে হবে। পর্যায়ক্রমে সকল জেলায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ঋণের কিস্তির টাকা আদায় করতে হবে। | যে সকল উপজেলায় মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি আদায় হচ্ছে সে সকল উপজেলার সকল ঋণীকে এ কার্যক্রমের আওতায় আনার জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা দেওয়া হয়েছে। |
| ৬. | ঋণের ডাটাবেজে তথ্য আপলোড করণ | বিগত মাস পর্যন্ত ঋণের ডাটাবেজে-এ এন্ট্রিকৃত ডাটার পরিমাণ ছিল ৮,০৮,৮৪০টি, এ মাসে তা বৃদ্ধি পেয়ে ৮,১৮,৯৪২ টিতে উপনীত হয়েছে। | ক. অনলাইন ঋণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে; খ. ঋণ কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহি আনয়নের লক্ষ্যে প্রতিটি উপজেলার ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত ডাটাবেজ নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | ঋণের ডাটাবেজ হালনাগাদ রাখতে এবং ঋণের মাস্টার রেজিস্টারে সকল আদায় এন্ট্রি দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য নিয়মিত তদারকি করা হচ্ছে। |
| ৭. | খেলাপী ঋণ আদায় | উপজেলাভিত্তিক খেলাপী ঋণীদের গ্রেডিং করে অধিক খেলাপী বিশিষ্ট উপজেলা চিহ্নিত করে খেলাপী আদায়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | খেলাপী আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে জেলাওয়ারী পত্র দিতে হবে। | খেলাপী আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে জেলাওয়ারী পত্র প্রদান করা হয়েছে এবং নিয়মিত তদারকি করা হচ্ছে। |

| নং | বিষয় | আলোচনা | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ৮. | সমাপ্ত জোরদারকরণ ও উত্তরবঙ্গ প্রকল্পের খেলাপী ঋণ আদায় | সমাপ্ত জোরদারকরণ প্রকল্প ও উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় বিরাজমান খেলাপী ঋণ আদায় সংক্রান্ত | সমাপ্ত জোরদারকরণ প্রকল্প ও উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় যে সকল উপজেলায় খেলাপী বিরাজমান সে সকল উপজেলার বিরাজিত খেলাপী টাকা আদায় করতে হবে। | জোরদারকরণ প্রকল্পের আওতায় ৫৭ জেলার ৪৪৫ উপজেলায় ১৬৪৭.৩৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। তন্মধ্যে ৩৩৭টি উপজেলার সমুদয় ঋণ পরিশোধ হয়েছে। অবশিষ্ট ১০৮টি উপজেলায় ৫৩ লক্ষ ৭৫ হাজার টাকা খেলাপী বিরাজমান এবং উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় ৪৭ টি উপজেলায় ১২ কোটি ৫৬ লক্ষ ৬৮ হাজার টাকা খেলাপী বিরাজমান রয়েছে। জোরদারকরণ প্রকল্পের আওতায় ৬৯টি উপজেলায় খেলাপী ঋণ আদায়ের পত্র দেওয়া হয়েছে। |
| ৯. | ঋণের অর্থ আত্মসাতের বিষয়ে অনাপত্তি প্রদান | - | ঋণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট জনবলের অবসরোত্তর সুবিধাদি মঞ্জুরীর পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ঋণের কোনো অর্থ আত্মসাত রয়েছে কিনা সে বিষয়ে সিড ফাইন্যান্সিং উইং-এর মতামত/ অনাপত্তি গ্রহণ করতে হবে। | কল্যাণ শাখা থেকে ২২২ জনের অনাপত্তি প্রদানের অনুরোধ পাওয়া গিয়েছে। তন্মধ্যে ১৯০ জনের অনাপত্তিপত্র কল্যাণ শাখায় প্রদান করা হয়েছে। অবশিষ্টদের মধ্যে ৩২ জনের তথ্য প্রদানের জন্য মাঠে পত্র প্রদান করা হয়েছে। |

৬.১.২ সিদ্ধান্ত

(ক) চলমান আদায় ১০০% এ রাখতে হবে।

(খ) অনলাইন ঋণ কার্যক্রম ব্যবস্থাপনা অব্যাহত রাখতে হবে এবং মাস শেষে যাচাইপূর্বক তথ্যের সঠিকতা নিশ্চিত করতে হবে।

(গ) ঋণের কিস্তির টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আদায় অব্যাহত রাখতে হবে।

(ঘ) প্রতিটি উপজেলায় কর্মরত সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সংখ্যা বিবেচনা নিয়ে ঋণ বিতরণ এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করে মাঠ পার্যায়ে নির্দেশনা প্রদান করতে হবে।

(ঙ) পিআরএল গমনে যাওয়া জনবলের ঋণ কার্যক্রমে অনাপত্তি প্রদান সংক্রান্ত প্রত্যয়ন প্রদানের পূর্বে উপজেলায় তার কর্মকালীন প্রতিটি ঋণের তথ্য ডাটাবেজে এন্ট্রি নিশ্চিত করে কোন অর্থ আত্মসাত বা ঋণ বিতরণে অনিয়ম করা হয়েছে কিনা তা যাচাইপূর্বক প্রত্যায়ন প্রদান করতে হবে।

(চ) আগামী ৩১ মার্চ ২০২৬ এর মধ্যে সকল উপজেলার ঋণের ডাটা ঋণের অনলাইন ডাটাবেজে এন্ট্রি করতে হবে।

(ছ) পরিবারভিত্তিক ঋণ কর্মসূচির আওতায় কেন্দ্র গঠন ও ঋণ বিতরণ কার্যক্রম মার্চ ২০২৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

৬.১.৩ বাস্তবায়নে: সিড ফাইন্যান্সিং উইং ।

## ৭.০ পরিকল্পনা উইং এর বিষয়াবলি

**৭.১.১ বাস্তবায়ন ও অগ্রগতি:**

ক) ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপি বরাদ্দ (ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত): (লক্ষ টাকায়)

| নং | মোট প্রকল্প | আরএডিপি বরাদ্দ | ব্যয় শতকরা হার |
|---|---|---|---|
| ০১. | ১০টি | ৫৭৮১১.৯৮ | ১৩৬৯৯.৭৪<br>২৩.৭০% |

৭.১.২ সিদ্ধান্ত: নতুন প্রকল্পের পরিকল্পনা উপস্থাপন করতে হবে।

৭.১.৩ বাস্তবায়নে : পরিকল্পনা উইং।

## ৮.০ বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং এর বিষয়াবলি

**৮.১.০ পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত।**

৮.১.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:** প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনান্তে উল্লেখিত সমস্যা সমাধানের জন্য অধিদপ্তরের প্রশাসন উইং-এ ০১টি ইউ.ও নোট প্রেরণ করা হয়েছে।

৮.১.২ সিদ্ধান্ত: মহাপরিচালকের কার্যালয়ের যে সকল কর্মকর্তা মাঠ পর্যায়ের কার্যালয় পরিদর্শন করবেন পরিদর্শন শেষে প্রতিবেদন বাধ্যতামূলকভাবে পেশ/ দাখিল করবেন। জেলাভিত্তিক উপপরিচালকগণ কর্তৃক প্রতিমাসে তাঁর জেলাধীন ৩টি উপজেলা কার্যালয় পরিদর্শন এবং ৩টি আত্মকর্মীর প্রকল্প পরিদর্শনের তথ্য প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।

৮.১.৩ বাস্তবায়নে : বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং।

## ৮.২.০ যুব সংগঠন নিবন্ধন সংক্রান্ত।

৮.২.১ **বাস্তবায়ন ও অগ্রগতি**: যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম অব্যাহত আছে।

(ক) প্রাপ্ত রিপোর্ট মোতাবেক জানুয়ারী' ২০২৬ মাসে যুব সংগঠন নিবন্ধন হয়েছে **১২টি**।

(খ) জুলাই' ২৫ থেকে জুন' ২৬ পর্যন্ত অর্থবছরে লক্ষ্যমাত্রা ৫০১টির মধ্যে নিবন্ধন হয়েছে ১৭৬ **টি**।

(গ) শুরু থেকে ক্রমপুঞ্জিত অর্জন স্বীকৃতিপ্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা **২৩৭৫টি** ও নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা **৫৯৮৩টি**।

(ঘ) স্বীকৃতিপ্রাপ্ত ও নিবন্ধিত যুব সংগঠনের মোট সংখ্যা ৮৩৫৮**টি**।

(ঙ) জানুয়ারী ২০২৬খ্রি. মাসে সমন্বয় সভার সিদ্ধান্ত অনুসারে যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন/স্বীকৃতি প্রাপ্ত সংগঠনের সমন্বিত তালিকা পুস্তকারে প্রকাশের কার্যক্রম চলমান আছে।

৮.২.২ সিদ্ধান্ত:

১। অর্থবছরের টার্গেট অনুযায়ী যুব সংগঠন নিবন্ধন নিশ্চিত করতে হবে। যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম সুষ্ঠু তদারকি করতে হবে।

২। নিবন্ধনকৃত যুব সংগঠনের মাধ্যমে যুব কার্যক্রম বাস্তবায়নে প্রকল্প গ্রহণ করতে হবে।

৩। যুব সংগঠনের তালিকা ওয়েব সাইটে হালনাগাদ আপলোডের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। নিবন্ধিত যুব সংগঠনের তালিকা সম্বলিত বই আগামী সমন্বয় সভার পূর্বে প্রকাশ করতে হবে।

৮.২.৩ বাস্তবায়নে: বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং।

## ৮.৩.০ মাঠ পর্যায়ে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ে নির্ধারিত সময়ে প্রেরণ

৮.৩.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:** ফেব্রুয়ারী ২০২৬ মাসে ৫৩ টি জেলা কার্যালয়ের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। জেলার মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে উল্লেখিত সমস্যা চিহ্নিত করে সংশ্লিষ্ট উইং এর পরিচালকগণের নিকট ইউও নোট প্রদান করা হয়েছে।

৮.৩.২ সিদ্ধান্ত:

(ক) মাঠ পর্যায়ে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভা অনুষ্ঠানের ৩(তিন) কর্মদিবসের মধ্যে আবশ্যিকভাবে সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(খ) বাস্তবায়ন উইং হতে এ বিষয়ে তদারকি করে কার্যবিবরণী সংগ্রহ এবং কার্যবিবরণীতে উল্লিখিত সমস্যা ও সুপারিশের আলোকে বাস্তবায়নযোগ্য বিষয়াদি নিষ্পন্ন করতে হবে।

(গ) যে সকল জেলার কার্যাবিবরণী পাওয়া যায় নাই তাদের তালিকা সংগ্রহপূর্বক এ বিষয়ে প্রতি মাসের সমন্বয় সভায় টেবিল আকারে তথ্য উপস্থাপন করতে হবে।

৮.৩.৩ বাস্তবায়নে: বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং।

## <u>৯.০ যুব উন্নয়ন একাডেমি, সাভার, ঢাকা</u>

৯.১.১ **বাস্তবায়ন ও অগ্রগতি:** গবেষণা নীতিমালার খসড়া প্রস্তুত করে যুব উন্নয়ন একাডেমী থেকে প্রধান কার্যালয় প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে পরিচালক (প্রশাসন) কে সভাপতি করে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

৯.১.২ **সিদ্ধান্ত:** ০১। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২) মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের সমন্বয়ে গবেষণা সেল গঠন করার সিদ্ধান্ত হয়।

২.১.৩ বাস্তবায়নে: যুব উন্নয়ন একাডেমি, সাভার, ঢাকা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫.০৩.২০২৬

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ২২৩৩৮৯৩৮৯।
E-mail: dg@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.০৬.১৯৪.১৯-৫৬২

তারিখ: ০১ চৈত্র ১৪৩২ / ১৫ মার্চ ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল),................................, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। উপপরিচালক, মহাপরিচালকের কার্যালয় (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। প্রোগ্রামার উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৬। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৭। সহকারী পরিচালক/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা/ নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৮। জনাব ......................................................................, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১৫.০৩.২০২৬

(মোঃ মাজহারুল হক)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোনঃ ০২-২২৩৩৮৭৭৭৩
E-mail: adadmin5@dyd.gov.bd